



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৯ অক্টোবর, ২০২০

## প্রেসবিজ্ঞপ্তি

শাবিপ্রবির ভাইস চ্যান্সেলরের সাথে ভারতীয় হাইকমিশনের

সিলেট অফিস প্রধানের সৌজন্য সাক্ষাৎ

আজ ১৯ অক্টোবর, ২০২০ তারিখ সকাল সাড়ে ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে তাঁর অফিসে বাংলাদেশে নিযুক্ত ভারতের সহকারী হাইকমিশনার ও সিলেট অফিসের প্রধান জনাব নীরাজ কুমার জায়সওয়াল সৌজন্য সাক্ষাৎ করেন।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শাবিপ্রবি ক্যাম্পাসে আসার জন্য তাদের ধন্যবাদ জানান। এ সময় পারস্পারিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে তাঁরা মত বিনিময় করেন এবং উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে কীভাবে সহযোগিতা বাড়ানো যায় সে ব্যাপারে আলোচনা করেন। এসময় ভারতীয় হাইকমিশনের সিলেট অফিসের দ্বিতীয় সচিব জনাব টি. জি. রমেশ উপস্থিত ছিলেন।

অতিথিবৃন্দ টেক্সটাইল, ইঞ্জিনিয়ারিং এবং কৃষিসহ বিভিন্ন খাতে বাংলাদেশের অগ্রগতির প্রশংসা করেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার